

বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট ৪ জানুয়ারি ২০১৭ তারিখ বুধবার সকাল ১০:০০টায় জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট-এর সেমিনার কক্ষে 'প্রধানমন্ত্রী শেখ হাসিনার দশটি বিশেষ উদ্যোগ এবং টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনের পথে বাংলাদেশ' শীর্ষক একটি সেমিনার আয়োজন করতে যাচ্ছে। সেমিনারে প্রবন্ধ উপস্থাপন করবেন প্রধানমন্ত্রীর কার্যালয়ের পরিচালক দেবব্রত চক্রবর্তী, প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন প্রধানমন্ত্রীর কার্যালয়ের এসডিজি বিষয়ক মুখ্য সমন্বয়ক মোঃ আবুল কালাম আজাদ। এছাড়া আলোচক হিসেবে আরও উপস্থিত থাকবেন বিএনএনআরসি-র প্রধান নির্বাহী কর্মকর্তা এএইচএম বজলুর রহমান।